

কাল পরীক্ষা হবে কী না আজ সিদ্ধান্ত ১৫ লাখ শিক্ষার্থী উৎকণ্ঠায়

■ ইত্তেফাক রিপোর্ট

কাল এসএসসি পরীক্ষা শুরু। শিক্ষা মন্ত্রণালয়ের সব প্রস্তুতি শেষ। পর্যাপ্ত নিরাপত্তা দেবে এমন ঘোষণা পুলিশ-র‍্যাব ও বিজিবি প্রধানদের। শিক্ষামন্ত্রীও বলেন, 'আমরা কেন পরীক্ষা পিছাবো। বিএনপি হরতাল প্রত্যাহার করছে না কেন।' অন্যদিকে হরতাল অবরোধ প্রত্যাহারের কোন সন্ভাবনাও দেখছেন না অভিভাবকরা।

হরতাল ও অবরোধ প্রত্যাহার না হওয়া এবং সরকারিতাবে পরীক্ষা পেছানোর সিদ্ধান্ত না আসায় এখনও অভিভাবক-শিক্ষার্থীরা উদ্বিগ্ন। মন্ত্রণালয়ের সচিব নজরুল ইসলাম খান এর আগে গণমাধ্যমকে বলেছেন, পরীক্ষার বিষয়ে সিদ্ধান্ত জানানো হবে ১ ফেব্রুয়ারি।

মন্ত্রণালয়ের একটি সূত্র বলেছে, যত প্রস্তুতিই থাকুক, হরতাল থাকলে পরীক্ষা হবে না। হরতালের দিনগুলোর পরীক্ষা পিছিয়ে দেয়া হবে। তবে অবরোধের দিনগুলোতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। কৌশলগত কারণে আগেভাগেই এ সিদ্ধান্ত জানানো হচ্ছে না। হরতাল অবরোধ প্রত্যাহারে জনসমর্থন তৈরির জন্যই এমনটি করছে শিক্ষা মন্ত্রণালয়।

গতকাল রাতে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এই প্রতিনিধিকে জানান, আমরা চাইছি, অন্তত পরীক্ষার দিনগুলোতে হরতাল অবরোধ প্রত্যাহার করুন।

অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, আমরা কেন পরীক্ষা পিছাবো। তারা (বিএনপি ও শরিক দল) হরতাল অবরোধ প্রত্যাহার করুক। তিনি আরো বলেন, আমরা কেন এত আগে বলব। সারাদেশে হরতাল প্রত্যাহারের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন হচ্ছে। সব মিডিয়ায় এমন খবর প্রচার হচ্ছে। এগুলো আমাদের পক্ষে যাচ্ছে। আজ (শনিবার), রবিবার সময় তো আছে। এই সময়ের মধ্যেই তো হরতাল অবরোধ প্রত্যাহার হতে পারে। আশা করছি তারা তা করবেন।

অভিভাবকদের বক্তব্য, পরীক্ষার সময় হরতাল চাই না, হরতালে পরীক্ষা চাই না। গতকাল দিনভরই আলোচনা ছিল পরীক্ষা নিয়ে। হরতাল প্রত্যাহারের দাবিতে বিভিন্ন সংগঠন মানববন্ধন কর্মসূচি, স্মারকলিপি প্রদানসহ নানা কর্মসূচি পালন করেছে। শিক্ষার্থীদের নিয়ে গুলশানের বিএনপি কার্যালয়ের সামনে মানববন্ধন করেছেন রাজধানীর একটি ক্লাবের প্রধান শিক্ষক ও গভর্নিং বডি। অভিভাবকরা মিলে একটি স্মারকলিপিও বিএনপি চেয়ারপারসনের কাছে পাঠিয়েছেন। এছাড়া দেশের বিভিন্ন স্থানে মানববন্ধন কর্মসূচি পালন করেছে শিক্ষার্থীরা। জীতি মুক্ত পরীক্ষার দাবিতে জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন করেছে সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতি।

অভিভাবক একা ফোরামের সভাপতি পৃষ্ঠা ১৯ কলাম ২

কাল পরীক্ষা হবে কি-না

প্রথম পৃষ্ঠার পর

জিয়াউল কবির দুপু বলেন, চলমান পরিস্থিতি রাজনৈতিক সংকট। ক্ষমতায় থাকা ও যাওয়ার লড়াইয়ের বলি আমরা হব কেন? গণতন্ত্রের কেন্দ্রে রয়েছে মানুষ। গণতন্ত্রের জয় পরাজয় নেই। আছে জনগণের স্বার্থে সমঝোতার বিষয়। সন্তানদের ভবিষ্যৎ নষ্ট করবেন না। পরীক্ষা দেয়ার পরিবেশ সৃষ্টি করুন।

কাল অনুষ্ঠিতব্য মাধ্যমিক (এসএসসি) ও সমমানের পরীক্ষায় এবার মোট ১৪ লাখ ৭৯ হাজার ২৬৬ জন শিক্ষার্থী অংশগ্রহণ করবে। বিদেশের ৮টি কেন্দ্রসহ ২৭ হাজার ৮০৮টি প্রতিষ্ঠানের ৩ হাজার ১১৬টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

আইন-শুষ্কলা বাহিনীর প্রস্তুতি

এসএসসি পরীক্ষার্থীদের যৌথ নিরাপত্তা প্রদানের সিদ্ধান্ত নিয়েছে পুলিশ। বিজিবি, র‍্যাব, পুলিশ ও আনসার বাহিনীর সমন্বয়ে আইন-শুষ্কলা রক্ষাকারী বাহিনী শিক্ষার্থীদের এসকর্ট করে পরীক্ষার হলে আনা-নেয়া করবে এবং পরীক্ষার হলে সার্বিক নিরাপত্তা দেবে বলে জানিয়েছেন পুলিশের আইজি এ কে এম শহীদুল হক। পুলিশ সদর দফতরে গতকাল শনিবার এক সংবাদ সম্মেলনে তিনি এ সব কথা বলেন।

আইজিপি বলেন, এসএসসি পরীক্ষায় সার্বিক নিরাপত্তা দেবে আইন-শুষ্কলা রক্ষাকারী বাহিনী। বিজিবি, র‍্যাব, পুলিশ ও আনসার বাহিনীর সমন্বয়ে আইন-শুষ্কলা রক্ষাকারী বাহিনী শিক্ষার্থীদের এসকর্ট করে পরীক্ষার হলে আনা-নেয়া করবে। তবে এক্ষেত্রে জনে জনে আনা-নেয়া করা সম্ভব হবে না। দলবদ্ধভাবে পরীক্ষার্থীদের আনা-নেয়া করা হবে।

বিএনপি নেতৃভূমির ২০ দলীয় জোট আহুত হরতাল ও অবরোধে ২ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া এসএসসি ও সমমানের পরীক্ষার নিরাপত্তা ব্যবস্থা নিয়ে গতকাল সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে সাংবাদিকদের সাথে কথা বলেন আইজিপি। সভায় বিজিবির মহাপরিচালক মেজর জেনারেল আজিজ আহমেদ, আনসার ও গ্রাম প্রতিরক্ষা দলের মহাপরিচালক মেজর জেনারেল মোঃ নাজিমুদ্দীন ও উপ-মহাপরিচালক মোঃ নিজামুর রহমান, এসবির অতিরিক্ত আইজিপি ড. মোঃ জাবেদ পাটোয়ারী, র‍্যাবের মহাপরিচালক বেনজীর আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

কারিগরি বোর্ডের পরীক্ষা স্থগিত

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের ১ ও ৩ ফেব্রুয়ারি এবং ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংয়ের ১, ২ ও ৩ ফেব্রুয়ারি পরীক্ষা স্থগিত করা হয়েছে। বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. মো. রফিকুল ইসলাম মীরের সই করা অফিস আদেশে এসব পরীক্ষা স্থগিতের কথা জানানো হয়।